বন্ধের মুখে 'নিশ্চয় যান' পরিষেবা, মালদা মেডিক্যালে বকেয়া কোটি

ক্ষুব্ধ নিশ্চয় যান চালক ও মালিকপক্ষ

নিজস্ব প্রতিবেদন, মালদা: নিশ্চয় যান প্রকল্পের মাধ্যমে বিভিন্ন যানবাহনে করে রোগীদের যাতায়াতের ক্ষেত্রে সুবিধা রয়েছে মেডিক্যাল কলেজ ও সরকারি হাসপাতালগুলিতে। এই পরিস্থিতিতে মালদায় গত ১০ মাসের ব্যবধানে এক কোটি টাকা বকেয়া বিলের পাহাড় হয়ে দাঁড়িয়েছে। দীর্ঘ ১০ মাস যাবত এই প্রকল্পের যানবাহন চালকেরা বকেয়া বিল পাচ্ছেন না বলে অভিযোগ। ইতিমধ্যে পুরো বিষয়টি নিয়েই মালদা মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ ও স্বাস্থ্য দপ্তরে জানিয়েছেন তাঁরা। নিশ্চয় যান প্রকল্পের অন্তর্ভুক্ত গাড়ি চালক ও মালিকদের অভিযোগ, মাসের পর মাস রোগীদের পরিষেবা দেওয়া হলেও গাড়ির ভাড়া মেটানো হচ্ছে না।

জেলা স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে, মালদা মেডিক্যাল কলেজে নিশ্চয় যান প্রকল্পে যুক্ত রয়েছে ২৫টি চার চাকার গাড়ি। নিয়ম অনুযায়ী, এই প্রকল্পের যানবাহনগুলিকে বুক করা হলে নির্দিষ্ট সময়ের মধ্যে সন্তান সম্ভবা মহিলাকে নিখরচায় মেডিক্যাল কলেজ বা হাসপাতালে পৌঁছনো হয়। আবার সন্তানের প্রসবের পর সম্পূর্ণ বিনামূল্যে নবজাতক-সহ মহিলাকে বাড়িতে পৌঁছে দিয়ে আসার ব্যবস্থা রয়েছে নিশ্চয় যান প্রকল্পে। এজন্য গাড়ি পিছু প্রতি কিলোমিটার ৮ টাকা করে সরকারি ভাড়া দেওয়া হয়। নিশ্চয় যান প্রকল্পের গাড়ির মালিক এবং চালকদের অভিযোগ, প্রতি কিলোমিটার ৮ টাকা ভাড়া অত্যন্ত কম। এরপর আবার মাসের পর মাস টাকা বকেয়া। ফলে গাড়িগুলি সঠিক রক্ষণাবেক্ষণ পর্যন্ত করা সম্ভব হচ্ছে না। কাগজ-কলমে ২৫টি গাড়ি থাকলেও বর্তমানে গাড়ির সংখ্যা কমে দাঁড়িয়েছে ২০টি। অনেকেই আবার এত কম টাকায় গাড়ি চালাতে আগ্রহী নন। ফলে ভবিষ্যতে পরিষেবা বন্ধ হওয়ার মুখে। গাড়ির মালিক বিপ্লব মজুমদার, সোমেশ দাস এবং এই প্রকল্পের গাড়ি চালক রাজু দাস, পল্লব সরকার জানিয়েছেন, প্রায় এক বছরেরও বেশি সময় ধরে বকেয়া টাকা মেলেনি। একই পরিষেবা দিয়ে থাকা অন্য গাড়িতে কিলোমিটার কিছু প্রায় ২০ টাকা ভাড়া দেওয়া হয়। অথচ নিশ্চয় যান প্রকল্পে বরাদ্দ অত্যন্ত কম। কমার্শিয়াল গাড়ি, ফিটনেস, ট্যাক্স, ইন্সুরেন্স, চালকের বেতন, তেল খরচ এসব মিটিয়ে পরিষেবার চালু রাখা প্রায় অসম্ভব হয়ে পড়ছে। হলে ২৫ থেকে এই গাড়ির সংখ্যা এখন ২০তে এসে নেমেছে। এরকম চলতে থাকলে এই প্রকল্পের গাড়ি চলাচল বন্ধ করে দিতে হবে।

এদিকে নিশ্চয় যান প্রকল্পে বকেয়া সমস্যার কথা স্বীকার করেছে মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ। মালদা মেডিক্যাল কলেজের ভাইস প্রিন্সিপল গণেশচন্দ্র গাইন বলেন, 'টাকার অঙ্কটা এই মুহূর্তে বলতে পারছি না। তবে যতটুকু শুনেছি গত ছয় মাসের ব্যবধানে অনেক টাকা হয়ে রয়েছে। বিষয়টি স্বাস্থ্য ভবনের জানানো হয়েছে। যত দ্রুত সম্ভব বকেয়া মেটানোর চেষ্টা হচ্ছে।

স্ত্রীকে খুন করে কাটা মাথা নিয়ে মন্দিরে তন্ত্রসাধনা!

নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট: স্ত্রীকে নৃশংসভাবে খুন করে তাঁর কাটা মাথা নিয়ে বাড়িরই মন্দিরে তন্ত্রসাধনায় বসার অভিযোগ উঠল স্বামীর বিরুদ্ধে। বুধবার সকালে দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুর শহরের ৪ নম্বর ওয়ার্ডের নারাণপুর ঘোষপাড়া এলাকায় এই মর্মান্তিক ঘটনাটি ঘটে। ঘটনার জেরে গোটা এলাকায় তীব্র আতঙ্ক ও চাঞ্চল্য ছড়িয়েপড়ে। মৃত মহিলার নাম সীমা সরকার ঘোষ (৩৫)। অভিযুক্ত স্বামী রিন্টু ঘোষকে (৪০) ইতিমধ্যেই গ্রেপ্তার করেছে গঙ্গারামপুর থানার পুলিশ।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, প্রায় ১৫ বছর আগে রিন্টু ঘোষের সঙ্গে বিয়ে হয়েছিল সীমার। তাঁদের দুটি সন্তানও রয়েছে। একসময়ে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় কন্ডাক্টরের কাজ করতেন রিন্টু, তবে পরবর্তীকালে তিনি সেই চাকরি ছেড়ে দেন। প্রতিবেশীদের দাবি, চাকরি ছাড়ার পর থেকেই রিন্টুর চালচলনে পরিবর্তন লক্ষ্য করা যায় এবং বেশ কিছুদিন ধরে তাঁকে মাঝেমধ্যেই তান্ত্রিকের বেশে দেখা যেত। বুধবার সকালে রিন্টুকে নিজ বাড়ির মন্দিরে স্ত্রীর কাটা মাথা সামনে নিয়ে বসে থাকতে দেখেন স্থানীয়রা। দৃশ্যটি প্রকাশ্যে আসতেই মুহূর্তের মধ্যে নারাণপুর ঘোষপাড়া এলাকায় আতঙ্ক ও উত্তেজনা তৈরি হয়। ঘটনার খবর পেয়েই এলাকায় হাজার হাজার উৎসুক মানুষ ভিড় জমান। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে গঙ্গারামপুর থানার আইসি পূর্ণেন্দু কুণ্ডুর নেতৃত্বে একটি বিশাল পুলিশ বাহিনী দ্রুত ঘটনাস্থলে পৌঁছয়। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে অভিযুক্ত রিন্টু ঘোষকে গ্রেপ্তার করে গঙ্গারামপুর থানায় নিয়ে যায়। পাশাপাশি, মৃতদেহটি উদ্ধার করে তা ময়নাতদন্তের জন্য পাঠানোর ব্যবস্থা করা হয়েছে। কেবলই অন্ধবিশ্বাস, নাকি এই মর্মান্তিক হত্যাকাণ্ডের নেপথ্যে অন্য কোনও পারিবারিক বা মানসিক কারণ রয়েছে, তা খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে গঙ্গারামপুর থানার পুলিশ। এই নারকীয় ঘটনায় সমগ্র গঙ্গারামপুর জুড়ে নেমে এসেছে গভীর শোক ও আতঙ্কের ছায়া।

৩০০ বছরের ইতিহাস

লোকবিশ্বাস আর ভক্তির মেলবন্ধন! উখড়ায় আজও জাগ্রত মা ভয়ঙ্করী কালী



নিজস্ব প্রতিবেদন, উখড়া: সময়ের স্রোতে বদলেছে কত কিছু। বদলেছে জনপদ, বদলেছে মানুষের জীবনযাত্রা। কিন্তু প্রায় ৩০০ বছরের ইতিহাস, ঐতিহ্য আর লোকবিশ্বাসকে আঁকড়ে ধরে আজও স্বমহিমায় পূজিত হয়ে আসছেন অন্ডাল ব্লকের উখড়া গ্রামের মা ভয়ঙ্করী কালী। মায়ের নামের মধ্যেই যেন লুকিয়ে রয়েছে এক রহস্যময় মাহাত্ম্য। ভয়ংকর রূপে তিনি যেমন ভক্তদের মনে বিস্ময় জাগান, তেমনই ভক্তের কাছে তিনি স্নেহময়ী, করুণাময়ী ও অভয়দাত্রী।

স্থানীয় জনশ্রুতি অনুযায়ী, প্রায় তিনশো বছর আগে কোনও এক সাধক সংসারজীবন ত্যাগ করে সাধনায় আত্মনিয়োগ করেছিলেন। সাধনার উদ্দেশ্যে তিনি এসে উপস্থিত হন উখড়ার শ্মশানভূমিতে। সেখানেই ১০৮ মুণ্ডের আসনে প্রতিষ্ঠা করেন বামাকালীর বিগ্রহ। সেই সময় থেকেই শুরু হয় এই অঞ্চলে বামাকালীর আরাধনা। পরবর্তী সময়ে সেই দেবীই মা ভয়ঙ্করী কালী নামে পরিচিতি লাভ করেন। প্রজন্মের পর প্রজন্ম ধরে সেই সাধনপীঠকে ঘিরেই গড়ে উঠেছে মানুষের অগাধ বিশ্বাস ও ভক্তি। উখড়া গ্রামের তেওয়ারি পাড়ায় অবস্থিত মা ভয়ঙ্করী কালীর মন্দিরের রয়েছে আরও এক বিশেষ বৈশিষ্ট্য। মূল বিগ্রহের দু'পাশে অবস্থান করছেন দুই সহচরী মাতৃমূর্তি, যাঁদের স্থানীয়ভাবে মাটির ঘোড়া নামে অভিহিত করা হয়। কালীপুজোর দিন বিশেষ রীতি মেনে প্রথমে আরাধনা করা হয় মা ভয়ঙ্করী কালীর। এরপর পূজিত হন অন্যান্য মন্দিরের দেবদেবীরা। দীর্ঘদিনের এই রীতিনীতি আজও নিষ্ঠার সঙ্গে পালন করে আসছেন পুজোর উদ্যোক্তারা। মাকে ঘিরে রয়েছে নানা লোককথা। জনশ্রুতি, সাধকের দেহত্যাগের পর মায়ের উগ্র ও ভয়ংকর রূপ দেখে ভক্তদের মধ্যে ভয়ের সঞ্চার হয়েছিল। কিন্তু সেই ভয়ংকর রূপের আড়ালেই রয়েছে এক স্নেহময়ী মাতৃসত্তা। ভক্তদের বিশ্বাস, মা ভয়ঙ্করী একদিকে যেমন শক্তির প্রতীক, অন্যদিকে তেমনই বিপদে-আপদে তাঁর কাছে আশ্রয় চাইলে তিনি সন্তানদের অভয় দেন। মায়ের এই দুই রূপ, ভয়ংকরী ও স্নেহময়ী। উখড়ার কালীপুজোকে দিয়েছে এক স্বতন্ত্র পরিচিতি। বর্তমানে এই ঐতিহ্যবাহী পুজোর দায়িত্ব সামলাচ্ছে বর্মন পরিবার। পরিবারের সদস্য শ্যামাপ্রসাদ বর্মন ও তপন বর্মন জানান, একসময় পরিবারের পূর্বপুরুষ বসন্ত বর্মনের হাতে এই পুজোর দায়িত্ব অর্পিত হয়েছিল। তারপর থেকেই বংশপরম্পরায় তাঁরা নিষ্ঠা ও ভক্তির সঙ্গে মায়ের আরাধনা করে আসছেন। সময় বদলালেও সেই পারিবারিক ঐতিহ্য ও পুজোর প্রাচীন রীতিনীতিতে আজও কোনও ছেদ পড়েনি। আধুনিকতার ছোঁয়ায় যখন অনেক প্রাচীন ঐতিহ্য ধীরে ধীরে হারিয়ে যাচ্ছে, তখন উখড়ার মা ভয়ঙ্করী কালী যেন ইতিহাস ও বিশ্বাসের এক জীবন্ত দলিল। তিনশো বছরেরও বেশি সময় ধরে লোককথা, সাধনপরম্পরা ও পারিবারিক ঐতিহ্যের মেলবন্ধনে এই পুজো শুধু ধর্মীয় আচারেই সীমাবদ্ধ নেই, হয়ে উঠেছে উখড়ার মানুষের আবেগ, সংস্কৃতি ও আত্মপরিচয়ের এক অবিচ্ছেদ্য অংশ।

কালী ও ছটপুজোর নিরাপত্তায় চন্দ্রকোনায় প্রশাসনিক বৈঠক



নিজস্ব প্রতিবেদন, পশ্চিম মেদিনীপুর: আসন্ন কালীপুজো ও ছট পুজোকে কেন্দ্র করে এলাকার নিরাপত্তা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি সুষ্ঠুভাবে বজায় রাখতে তৎপর চন্দ্রকোনা থানার পুলিশ। চন্দ্রকোনা থানার উদ্যোগে এলাকার বিভিন্ন কালীপুজো কমিটির কর্মকর্তা ও প্রতিনিধিদের নিয়ে আয়োজিত হলো এক প্রশাসনিক বৈঠক। বৈঠকে পুজোর দিনগুলিতে শান্তিশৃঙ্খলা বজায় রাখা, নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা এবং নির্বিঘ্নে উৎসব সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন ঘাটালের মহকুমা শাসক অনন্য জানা, ঘাটালের মহকুমা পুলিশ আধিকারিক সপ্তর্ষি ভট্টাচার্য এবং চন্দ্রকোনা থানার ভারপ্রাপ্ত আধিকারিক প্রত্যয় দাস-সহ পুলিশ কর্মীরা। উৎসবের দিনগুলিতে সাধারণ মানুষের নিরাপত্তা সুনিশ্চিত করতে পুজো কমিটিগুলিকে প্রশাসনের নির্দেশিকা মেনে চলার বার্তাও দেওয়া হয়।

নীলাচল মিনারেলস লিমিটেড
CIN: L10400WB1907PLC001722
রেজিঃ অফিস : ১৭, রয় স্ট্রিট, প্রথম তল, কলকাতা-৭০০ ০২০
দূরভাষ নং ০৩৩ ৪০৬২ ৯১২৭
ই-মেল: neelachalkolkata@gmail.com
ওয়েবসাইট: www.neelachal.co.in

বিজ্ঞপ্তি

সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ২৯ অনুসারে এতদ্দ্বারা আপনাদের জানানো হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা ১২ নভেম্বর, ২০২৬ তারিখ বৃহস্পতিবার দুপুর ২:০০টায় কোম্পানির রেজিস্টার্ড অফিস ১৭, রয় স্ট্রিট, প্রথম তল, কলকাতা- ৭০০০২০ -তে অনুষ্ঠিত হবে যেখানে অন্যান্য সবকিছুর মধ্যে ৩০ সেপ্টেম্বর, ২০২৬ -এ সমাপ্ত দ্বিতীয় ত্রৈমাসিক এবং অর্ধ বর্ষের কোম্পানির স্ট্যান্ডঅ্যালোন অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে।

নীলাচল মিনারেলস লিমিটেড-এর পক্ষে
স্বা/-
তেজস দোশী
ডিরেক্টর
স্থান: কলকাতা
তারিখ: ৪ নভেম্বর, ২০২৬

GPT

জিপিটি ইনফ্রাপ্রজেক্টস লিমিটেড
(CIN : L20103WB1980PLC032872)
রেজি. অফিস : জিপিটি সেন্টার, জেসি-২৫, সেক্টর - ৩, সল্টলেক, কলকাতা -৭০০১০৬; পশ্চিমবঙ্গ, ভারত
টেলিফোন : +৯১-৩৩-৪০৫০-৭০০০
ইমেইল : gil.cosec@gptgroup.co.in
আমাদের ওয়েবসাইট দেখুন : www.gptinfra.in

বিজ্ঞপ্তি

২০২৬-২৭ আর্থিক বছরের জন্য প্রথম অন্তর্বর্তীকালীন লভ্যাংশ ঘোষণা এবং রেকর্ড ডেট

কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরস **৪ নভেম্বর, ২০২৬** তারিখে অনুষ্ঠিত তাদের সভায়, কোম্পানির ইকুইটি শেয়ারের অভিহিত মূল্যের (প্রতিটি ১০/- টাকা) ওপর ১০ শতাংশ (শেয়ার প্রতি ১ টাকা) হারে ২০২৬-২৭ আর্থিক বছরের জন্য প্রথম অন্তর্বর্তীকালীন লভ্যাংশ ঘোষণা করেছে।

প্রথম অন্তর্বর্তীকালীন লভ্যাংশ বিধিবদ্ধ সময়সীমার মধ্যে কোম্পানির সেই ইক্যুইটি শেয়ারহোল্ডারদের প্রদান করা হবে, যাদের নাম এই উদ্দেশ্যে নির্ধারিত রেকর্ড ডেট অর্থাৎ **বুধবার, ১১ নভেম্বর, ২০২৬** তারিখ অনুযায়ী কোম্পানির মেম্বারদের রেজিস্টারে বা ডিপোজিটরির রেকর্ডে শেয়ারের বেনিফিশিয়াল মালিক হিসাবে তালিকাভুক্ত থাকবে।

উপরের তথ্য কোম্পানির ওয়েবসাইটে (www.gptinfra.in) এবং যে স্টক এক্সচেঞ্জগুলিতে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত রয়েছে অর্থাৎ বিএসই লিমিটেড (www.bseindia.com) এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেডের (www.nseindia.com) ওয়েবসাইটেও উপলব্ধ।

জিপিটি ইনফ্রাপ্রজেক্টস লিমিটেড-এর পক্ষে
স্বা/-
সোনম লাখোটিয়া
কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লায়েন্স অফিসার
মেম্বারশিপ নং : ৪১৩৫৮
তারিখ : ৪ নভেম্বর, ২০২৬
স্থান : কলকাতা

ফর্ম এ সাধারণ ঘোষণা
(ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া (ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সনস) রেগুলেশনস, ২০১৬-এর রেগুলেশন ৬-এর অধীনে
কর্পোরেট ডেবটরের পাওনাদারদের দৃষ্টি আকর্ষণের জন্য
মেসার্স শেভিন ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড
CP(IB) No. 54/KB/2026 (গৃহীত)

প্রাসঙ্গিক বিবরণ		
১.	কর্পোরেট ডেবটরের নাম	শেভিন ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড
২.	কর্পোরেট ডেবটরের নিগমকরণের তারিখ	৭ আগস্ট ১৯৯৫
৩.	যে কর্তৃপক্ষের অধীনে কর্পোরেট ডেবটর নিগমিত/নিবন্ধিত	রেজিস্ট্রার অফ কোম্পানিজ - কলকাতা
৪.	কর্পোরেট ডেবটরের কর্পোরেট আইডেন্টিটি নং/ লিমিটেড লায়াবিলিটি আইডেন্টিফিকেশন নং	U65923WB1995PTC073390
৫.	কর্পোরেট ডেবটরের নিবন্ধিত কার্যালয় এবং প্রধান কার্যালয়ের (যদি থাকে) ঠিকানা	নিবন্ধিত কার্যালয় ৭৫সি, পার্ক স্ট্রিট, ৩য় ফ্লোর, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০১৬
৬.	কর্পোরেট ডেবটরের ক্ষেত্রে ইনসলভেন্সি শুরুর তারিখ	আদেশের তারিখ ০৩.১১.২০২৬
৭.	ইনসলভেন্সি রেজোলিউশন প্রক্রিয়া বন্ধ হওয়ার আনুমানিক তারিখ	০২.০৫.২০২৭ কর্পোরেট ইনসলভেন্সি রেজোলিউশন প্রক্রিয়া শুরুর তারিখ থেকে শুরু করে ১৮০ দিন
৮.	ইন্টারিম রেজোলিউশন প্রফেশনাল হিসেবে কর্মরত ইনসলভেন্সি প্রফেশনালের নাম এবং রেজিস্ট্রেশন নম্বর	**স্টেলার ইনসলভেন্সি প্রফেশনালস এলএলপি - আইপিই** IBBI/IPE-0137/IPA-1/2023-24/50053 এএফএ-এর বৈধতা ৩১/১২/২০২৬ পর্যন্ত স্টেলার ইনসলভেন্সি প্রফেশনালস এলএলপি-এর অনুমোদিত স্বাক্ষরকারী শ্রী অনুপ কুমার সিং IBBI/IPA-001/IP-P00153/2017-18/10322 এএফএ-এর বৈধতা ৩০/০৬/২০২৭ পর্যন্ত
৯.	বোর্ডের কাছে নিবন্ধিত ইন্টারিম রেজোলিউশন প্রফেশনালের ঠিকানা এবং ই-মেইল	**ঠিকানা** ২২/২৮এ, মনোহরপুকুর রোড, দেশপ্রিয় পার্ক, কলকাতা-৭০০ ০০২৯। **ইমেইল** anup_singh@stellarinsolvency.com
১০	ইন্টারিম রেজোলিউশন প্রফেশনালের সাথে যোগাযোগের জন্য ব্যবহার করতে হবে এমন ঠিকানা এবং ই-মেইল	**ঠিকানা** স্টেলার ইনসলভেন্সি প্রফেশনালস এলএলপি, স্যুট ১বি, ১ম ফ্লোর, ২২/২৮এ, মনোহরপুকুর রোড, দেশপ্রিয় পার্ক, কলকাতা-৭০০ ০০২৯। ইমেইল shevincapital.sipl@gmail.com
১১	দাবি জমা দেওয়ার শেষ তারিখ	**১৭.১১.২০২৬**
১২	২১ নম্বর ধারার উপ-ধারা (৬এ) এর ক্লজ (বি) এর অধীনে পাওনাদারদের শ্রেণী, যদি থাকে, যা ইন্টারিম রেজোলিউশন প্রফেশনাল দ্বারা নির্ধারিত হয়েছে	আইআরপি-এর কাছে উপলব্ধ তথ্য অনুযায়ী প্রযোজ্য নয়
১৩	একটি শ্রেণীতে পাওনাদারদের অনুমোদিত প্রতিনিধি হিসেবে কাজ করার জন্য চিহ্নিত ইনসলভেন্সি প্রফেশনালদের নাম (প্রতিটি ক্ষেত্রে তিনটি নাম)	আইআরপি-এর কাছে উপলব্ধ তথ্য অনুযায়ী প্রযোজ্য নয়
১৪	ক) সংশ্লিষ্ট ফর্ম এবং খ) অনুমোদিত প্রতিনিধিদের বিবরণ এখানে উপলব্ধ :	**ক) ওয়েব লিংক :** https://www.ibbi.gov.in/home/downloads **ঠিকানা** স্টেলার ইনসলভেন্সি প্রফেশনালস এলএলপি স্যুট ১বি, ১ম ফ্লোর, ২২/২৮এ, মনোহরপুকুর রোড, দেশপ্রিয় পার্ক, কলকাতা-৭০০ ০০২৯

এতদ্বারা নোটিশ দেওয়া হচ্ছে যে ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, কলকাতা বেঞ্চ **০৩.১১.২০২৬ তারিখে মেসার্স শেভিন ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেডের** কর্পোরেট ইনসলভেন্সি রেজোলিউশন প্রক্রিয়া শুরু করার আদেশ দিয়েছে।
এতদ্বারা **মেসার্স শেভিন ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড** (কর্পোরেট ডেবটর)-এর পাওনাদারদের **১৭.১১.২০২৬ তারিখে** বা তার আগে এন্ট্রি নং ১০-এ উল্লিখিত ঠিকানায় ইন্টারিম রেজোলিউশন প্রফেশনালের কাছে প্রমাণ সহ তাদের দাবি জমা দেওয়ার আহ্বান জানানো হচ্ছে।
আর্থিক পাওনাদাররা শুধুমাত্র বৈদ্যুতিন উপায়ে প্রমাণ সহ তাদের দাবি জমা দেবেন। অন্যান্য সমস্ত পাওনাদার ব্যক্তিগতভাবে, ডাকযোগে বা বৈদ্যুতিন উপায়ে প্রমাণ সহ দাবি জমা দিতে পারেন।
এন্ট্রি নং ১২-এ তালিকাভুক্ত একটি শ্রেণীর অন্তর্গত আর্থিক পাওনাদার, ফর্ম সিএ-তে শ্রেণীর একজন অনুমোদিত প্রতিনিধি হিসাবে কাজ করার জন্য এন্ট্রি নং ১৩-এ তালিকাভুক্ত তিনজন ইনসলভেন্সি প্রফেশনালের মধ্য থেকে একজন অনুমোদিত প্রতিনিধিকে তার পছন্দ হিসাবে উল্লেখ করবেন- আইআরপি-এর কাছে উপলব্ধ তথ্য অনুযায়ী প্রযোজ্য নয়।
দাবির মিথ্যা বা বিভ্রান্তিকর প্রমাণ জমা দিলে জরিমানা ধার্য করা হবে।
তারিখ এবং স্থান : ০৫ নভেম্বর, ২০২৬, কলকাতা। স্বা/-
স্টেলার ইনসলভেন্সি প্রফেশনালস এলএলপি - আইপিই ইন্টারিম রেজোলিউশন প্রফেশনাল
IBBI/IPE-0137/IPA-1/2023-24/50053 এএফএ-এর বৈধতা ৩১/১২/২০২৬ পর্যন্ত
স্টেলার ইনসলভেন্সি প্রফেশনালস এলএলপি-এর অনুমোদিত স্বাক্ষরকারী
শ্রী অনুপ কুমার সিং
IBBI/IPA-001/IP-P00153/2017-18/10322 এএফএ-এর বৈধতা ৩০/০৬/২০২৭ পর্যন্ত।

সিলভার আর্টস ম্যানুফ্যাকচারিং প্রা. লি.
(CIN : U27205WB1981PTC033672)
এন-২১৬, ২য় ফ্লোর, আইডিয়াল প্লাজা ১১/১, শরৎ বোস রোড, কলকাতা-৭০০০২০, পশ্চিমবঙ্গ
ইমেইল : bkgarodia@hotmail.com, ফোন : ০৩৩-২২৮০৫৬১১

কোম্পানির আসন্ন বার্ষিক সাধারণ সভা সম্পর্কিত বিজ্ঞপ্তি

১. শেয়ারহোল্ডাররা মনে রাখবেন যে মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (এমসিএ), ভারত সরকার কর্তৃক জারি করা সাধারণ সার্কুলার এবং অন্যান্য সমস্ত প্রযোজ্য আইন মেনে এবং সভার বিজ্ঞপ্তিতে নির্ধারিত বিষয়গুলি পরিচালনার জন্য ভিডিও কনফারেন্স/ অন্যান্য অডিও ভিজ্যুয়াল উপায়ের (ভিসি) মাধ্যমে কোম্পানির বার্ষিক সাধারণ সভা (এজিএম) ৩০ নভেম্বর, ২০২৬ সোমবার সকাল ১১.০০ টায় (আইএসটি) অনুষ্ঠিত হবে।
২. উক্ত সার্কুলার মেনে, এজিএম-এর বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন শুধুমাত্র সেই সদস্যদের ইলেকট্রনিক মোডে পাঠানো হবে যাদের ইমেইল ঠিকানা কোম্পানি/ডিপোজিটরি/ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে নিবন্ধিত আছে।
৩. যেসব শেয়ারহোল্ডারদের বাস্তবিক শেয়ার রয়েছে তারা যদি কোম্পানির কাছে তাদের ইমেইল ঠিকানা নিবন্ধিত/আপডেট না করে থাকেন, তাহলে ইমেইল ঠিকানা নিবন্ধনের জন্য ফোলিও নং, শেয়ারহোল্ডারের নাম, শেয়ার সার্টিফিকেটের স্ক্যান কপি (সামনে এবং পিছনে), প্যান (প্যান কার্ডের স্ব-প্রত্যয়িত স্ক্যান কপি), আধার (আধার কার্ডের স্ব-প্রত্যয়িত স্ক্যান কপি) উল্লেখ করে একক/প্রথম শেয়ারহোল্ডার দ্বারা যথাযথভাবে স্বাক্ষরিত অনুরোধ পত্রের স্ক্যান কপি সহ bkgarodia@hotmail.com-এ কোম্পানিকে একটি মেইল পাঠানোর জন্য অনুরোধ করা হচ্ছে। কোম্পানির কাছে আপনার ইমেইল ঠিকানা নিবন্ধন/আপডেট করার জন্য প্রয়োজনীয় সহায়তার জন্য সদস্যরা শ্রী বালকৃষ্ণ গাড়োদিয়া (ডিরেক্টর)-এর সাথে যোগাযোগ করতে পারেন। ইমেইল আইডি আপডেট করলে কোম্পানি আপনাকে এজিএম এবং বার্ষিক প্রতিবেদনের বিজ্ঞপ্তির কপি প্রদান করতে এবং রেজোলিউশনে অংশগ্রহণ করতে ও ভোট দিতে সক্ষম করবে।
৪. শেয়ারহোল্ডাররা হাত তুলে এজিএম-এর বিজ্ঞপ্তিতে নির্ধারিত বিষয়গুলির উপর তাদের ভোট দেওয়ার সুযোগ পাবেন। মিটিং-এ অংশগ্রহণ এবং অংশ নেওয়ার পদ্ধতিগুলি এজিএম-এর বিজ্ঞপ্তির কপিতে দেওয়া হবে।
৫. এজিএম বিজ্ঞপ্তিটি যথাসময়ে প্রযোজ্য আইন অনুযায়ী শেয়ারহোল্ডারদের তাদের নিবন্ধিত ইমেইল ঠিকানায় পাঠানো হবে।

সিলভার আর্টস ম্যানুফ্যাকচারিং প্রা. লি. -এর পক্ষে
বালকৃষ্ণ গাড়োদিয়া
ডিরেক্টর
ডিআইএন : ০১০৭২২৪৬
স্থান : কলকাতা
তারিখ : ০৪.১১.২০২৬

গোল্ড সিলভার আর্টস প্রা. লি.
(CIN : U36911WB1945PTC012558)
১৩, যদুলাল মল্লিক রোড, কলকাতা-৭০০০০৬, পশ্চিমবঙ্গ
ইমেইল : bkgarodia@hotmail.com
ফোন : ০৩৩-২২৮০৫৬১১

কোম্পানির আসন্ন বার্ষিক সাধারণ সভা সম্পর্কিত বিজ্ঞপ্তি

১. শেয়ারহোল্ডাররা মনে রাখবেন যে মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (এমসিএ), ভারত সরকার কর্তৃক জারি করা সাধারণ সার্কুলার এবং অন্যান্য সমস্ত প্রযোজ্য আইন মেনে এবং সভার বিজ্ঞপ্তিতে নির্ধারিত বিষয়গুলি পরিচালনার জন্য ভিডিও কনফারেন্স/ অন্যান্য অডিও ভিজ্যুয়াল উপায়ের (ভিসি) মাধ্যমে কোম্পানির বার্ষিক সাধারণ সভা (এজিএম) ৩০ নভেম্বর, ২০২৬ সোমবার সকাল ১০.৩০ টায় (আইএসটি) অনুষ্ঠিত হবে।
২. উক্ত সার্কুলার মেনে, এজিএম-এর বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন শুধুমাত্র সেই সদস্যদের ইলেকট্রনিক মোডে পাঠানো হবে যাদের ইমেইল ঠিকানা কোম্পানি/ডিপোজিটরি/ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে নিবন্ধিত আছে।
৩. যেসব শেয়ারহোল্ডারদের বাস্তবিক শেয়ার রয়েছে তারা যদি কোম্পানির কাছে তাদের ইমেইল ঠিকানা নিবন্ধিত/আপডেট না করে থাকেন, তাহলে ইমেইল ঠিকানা নিবন্ধনের জন্য ফোলিও নং, শেয়ারহোল্ডারের নাম, শেয়ার সার্টিফিকেটের স্ক্যান কপি (সামনে এবং পিছনে), প্যান (প্যান কার্ডের স্ব-প্রত্যয়িত স্ক্যান কপি), আধার (আধার কার্ডের স্ব-প্রত্যয়িত স্ক্যান কপি) উল্লেখ করে একক/প্রথম শেয়ারহোল্ডার দ্বারা যথাযথভাবে স্বাক্ষরিত অনুরোধ পত্রের স্ক্যান কপি সহ bkgarodia@hotmail.com-এ কোম্পানিকে একটি মেইল পাঠানোর জন্য অনুরোধ করা হচ্ছে। কোম্পানির কাছে আপনার ইমেইল ঠিকানা নিবন্ধন/আপডেট করার জন্য প্রয়োজনীয় সহায়তার জন্য সদস্যরা শ্রী বালকৃষ্ণ গাড়োদিয়া (ডিরেক্টর)-এর সাথে যোগাযোগ করতে পারেন। ইমেইল আইডি আপডেট করলে কোম্পানি আপনাকে এজিএম এবং বার্ষিক প্রতিবেদনের বিজ্ঞপ্তির কপি প্রদান করতে এবং রেজোলিউশনে অংশগ্রহণ করতে ও ভোট দিতে সক্ষম করবে।
৪. শেয়ারহোল্ডাররা হাত তুলে এজিএম-এর বিজ্ঞপ্তিতে নির্ধারিত বিষয়গুলির উপর তাদের ভোট দেওয়ার সুযোগ পাবেন। মিটিং-এ অংশগ্রহণ এবং অংশ নেওয়ার পদ্ধতিগুলি এজিএম-এর বিজ্ঞপ্তির কপিতে দেওয়া হবে।
৫. এজিএম বিজ্ঞপ্তিটি যথাসময়ে প্রযোজ্য আইন অনুযায়ী শেয়ারহোল্ডারদের তাদের নিবন্ধিত ইমেইল ঠিকানায় পাঠানো হবে।

গোল্ড সিলভার আর্টস প্রা. লি. -এর পক্ষে
বালকৃষ্ণ গাড়োদিয়া
ডিরেক্টর
ডিআইএন : ০১০৭২২৪৬
স্থান : কলকাতা
তারিখ : ০৪.১১.২০২৬

IDBI BANK

আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড
এজিএম রিটেল রিকভারি ডিপার্টমেন্ট, ৪৪, শেক্সপিয়ার সরণি, ২য় ফ্লোর, কলকাতা, পিন-৭০০০১৭,
ফোন নং : ০৩৩-৬৬৫৫৭৮৩৯ এবং ০৩৩-৬৬৫৫৭৭৪৬; মোবাইল নং : +৯১ ৭৬৯৬০২০২১৯
ওয়েবসাইট- www.idbibank.in, CIN : L65190MH2004GOI148838

পরিশিষ্ট ৪ [রুল ৮(১)]
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (২০০২ সালের ৫৪) এর অধীনে আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২ এর রুল ৩ এর সাথে পঠিত ধারা ১৩(১২) এর অধীনে অর্পিত ক্ষমতা প্রয়োগ করে, নীচে অ্যাকাউন্টগুলির বিপরীতে উল্লিখিত তারিখে ডিমান্ড নোটিশ জারি করেছিলেন যা ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/গ্যারান্টারদের উক্ত নোটিশগুলি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ডিমান্ড নোটিশে উল্লিখিত পরিমাণের সাথে তার উপর পরবর্তী সুদ, খরচ এবং চার্জ পরিশোধ করার আহ্বান জানিয়েছিল।
ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/গ্যারান্টার উক্ত পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা বিশেষ করে ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/গ্যারান্টারকে এবং সাধারণভাবে জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮ এর সাথে পঠিত আইনের ১৩ নম্বর ধারার উপ-ধারা (৪) এর অধীনে তার উপর অর্পিত ক্ষমতা প্রয়োগ করে নিম্নস্বাক্ষরকারী এরপর এখানে উল্লিখিত তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষ করে ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/গ্যারান্টারকে এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সম্পত্তিটি নিয়ে কোনো লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং সম্পত্তিটির সাথে কোনো লেনদেন উক্ত নোটিশগুলিতে উল্লিখিত পরিমাণের সাথে তার উপর পরবর্তী সুদ, খরচ এবং চার্জের জন্য আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড-এর চার্জের সাপেক্ষে হবে।
সুরক্ষিত সম্পদ মুক্ত করার জন্য উপলব্ধ সময়ের সাপেক্ষে অ্যাক্ট ২০০২ এর ১৩ নম্বর ধারার উপ-ধারা (৮)-এর বিধানগুলির প্রতি ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/গ্যারান্টারের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

ক্রম নং	ঋণগ্রহীতা / সহ-ঋণগ্রহীতার নাম	১) দাবি নোটিশের তারিখ ২) দখলের তারিখ ৩) দাবি নোটিশ অনুযায়ী বকেয়া পরিমাণ	স্থাবর সম্পত্তির বিস্তারিত বিবরণ
১	রাজু কুমার পান্ডে (ঋণগ্রহীতা) এবং শান্তী পান্ডে (সহ-ঋণগ্রহীতা)	১) ২০-০৮-২০২৬ ২) ৩১-১০-২০২৬ ৩) **১০-০৭-২০২৬ তারিখ অনুযায়ী ১৪,১৭,৫৪৯.১৩ টাকা** (চোদ্দ লক্ষ সতেরো হাজার পাঁচশো উনপঞ্চাশ টাকা এবং তেরো পয়সা) (০৯-০৭-২০২৬ পর্যন্ত সুদ ধরা হয়েছে) এবং এর সাথে ১০-০৭-২০২৬ তারিখ থেকে পরবর্তী সুদ, খরচ এবং চার্জ।	প্লট নং ৯ হিসাবে চিহ্নিত প্রায় **২ কাঠা ৮ ছটাক পরিমাপের জমির সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল,** যা মৌজা- রামনগর, আর.এস. এবং এল.আর. দাগ নং-৩৩৯ এর অন্তর্ভুক্ত, আর.এস. খতিয়ান নং-১৭, এল.আর. খতিয়ান নং ২২৬৭, এবং আর.এস. নং ৭৪, তৌজি নং ৬৫, জে.এল.নং ২৬ এর অধীনে, মহেশতলা মিউনিসিপ্যালিটির সীমানার মধ্যে, ওয়ার্ড নং ২৩, মিউনিসিপ্যাল হোল্ডিং নং জি২-১৩১/নিউ গ্রিন পার্ক, রোড-৭, কলকাতা ৭০০১৪১, মহেশতলা পুলিশ স্টেশনের স্থানীয় এখতিয়ারের অধীনে, সাব-ডিভিশন আলিপুর, ডিএসআর আলিপুর, এডিএসআর বেহালা, জেলা- ২৪ পরগনা (দক্ষিণ)-এ অবস্থিত এবং উক্ত জমির সাথে সম্পর্কিত সমস্ত ইজমেন্ট অধিকার যা নিম্নলিখিতভাবে বেষ্টিত এবং সীমাবদ্ধ- উত্তরে : প্লট নং ৮; দক্ষিণে : প্লট নং ১০; পূর্বে : খালি জমি; পশ্চিমে : ১৬ ফুট চওড়া রাস্তা।

তারিখ : ০৫-১১-২০২৬ স্থান : মহেশতলা, জেলা - দক্ষিণ ২৪ পরগনা
স্বা/- অনুমোদিত অফিসার আইডিবিআই ব্যাঙ্ক লি.

SBI

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
আরএএসএমইসিসিসি-কাম-এসএআরসি (১০২৬৪) ৩য় ফ্লোর, মিউনিসিপ্যাল হকার্স মার্কেট, বর্ধমান (৭১৩১০১)

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
[রুল-৮(১)]

যেহেতু,
সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (২০০২ সালের ৩ নং) এর অধীনে **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার** অনুমোদিত অফিসার হিসাবে নিম্নস্বাক্ষরকারী এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৩ এর সাথে পঠিত ১৩(১২) ধারার অধীনে অর্পিত ক্ষমতা প্রয়োগ করে, অ্যাকাউন্টগুলির বিপরীতে উল্লিখিত এবং পরবর্তীতে বর্ণিত তারিখে একটি ডিমান্ড নোটিশ জারি করা হয়েছিল যা উক্ত নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে তাদের পরিমাণ পরিশোধ করার আহ্বান জানিয়েছিল।
ঋণগ্রহীতা(রা)/গ্যারান্টার(রা)/বন্ধকদাতা(রা) উক্ত পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা/গ্যারান্টার এবং সাধারণভাবে জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে যে, উক্ত অ্যাক্টের রুল ৮ এর সাথে পঠিত উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারার অধীনে তার উপর অর্পিত ক্ষমতা প্রয়োগ করে নিম্নস্বাক্ষরকারী এর বিপরীতে উল্লিখিত তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষ করে ঋণগ্রহীতা(রা)/গ্যারান্টার(রা)/বন্ধকদাতা(রা) এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সম্পত্তিটি নিয়ে কোনো লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং সম্পত্তিটির সাথে কোনো লেনদেন একটি পরিমাণ এবং তার উপর সুদের জন্য স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চার্জের সাপেক্ষে হবে।
সুরক্ষিত সম্পদ মুক্ত করার জন্য উপলব্ধ সময়ের সাপেক্ষে অ্যাক্ট এর ১৩ নম্বর ধারার উপ-ধারা (৮)-এর বিধানগুলির প্রতি ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

অ্যাকাউন্টের নাম/ঋণগ্রহীতা এবং ঠিকানা	বন্ধক রাখা/ চার্জ করা সম্পত্তির বিবরণ	ডিমান্ড নোটিশের তারিখ	দখলের তারিখ	বকেয়া পরিমাণ
শ্রী সৌম্যদীপ পাল পিতা- সাক্ষীগোপাল পাল, গ্রাম- মন্তেশ্বর, পোঃ- মন্তেশ্বর, (কালীতলার কাছে, জোকারি পাড়া) থানা- মন্তেশ্বর, জেলা - পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন- ৭১৩১৪৫ এবং অর্চনা অ্যাপার্টমেন্ট, ১ম ফ্লোর কামারশাল মোড়, পোঃ- মন্তেশ্বর, থানা- মন্তেশ্বর, জেলা পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন- ৭১৩১৪৫	সম্পত্তির মালিকের নাম- **শ্রী সৌম্যদীপ পাল** পিতা- সাক্ষীগোপাল পাল, এ.ডি.এস.আর. মন্তেশ্বর, জেলা-পূর্ব বর্ধমানের ২০২১ সালের I-২৬২০ নং ফ্ল্যাটের নিবন্ধিত বিক্রয় ডিডের মাধ্যমে **সৌম্যদীপ পালের** প্রাপ্ত মৌজা- মন্তেশ্বর-এর অধীনে প্লট নং: ৬০১২, এল.আর. খতিয়ান নং: ১৭৮৯, জে.এল. নং: ৪১, থানা- মন্তেশ্বর এবং জেলা: পূর্ব বর্ধমানে অবস্থিত জমির আনুপাতিক অংশ সহ ১৭৬৫.৫২ বর্গফুট কভার্ড এরিয়া (সুপার বিল্ট আপ এরিয়া-২২৯৫.১৮ বর্গফুট) পরিমাপের অর্চনা অ্যাপার্টমেন্ট, ১ম ফ্লোর, কামারশাল মোড়, পোঃ- মন্তেশ্বর, থানা- মন্তেশ্বর, জেলা- পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন ৭১৩১৪৫-এ একটি আবাসিক ফ্ল্যাট। **নিম্নলিখিতভাবে বেষ্টিত:**- উত্তরে অন্যদের সম্পত্তি। দক্ষিণে অন্যদের সম্পত্তি। পূর্বে-রাস্তা, দক্ষিণে - অন্যদের সম্পত্তি।	১৪.০৮.২০২৬	০৩.১১.২০২৬	**২৬,৯২,৪৭০.০০ টাকা (ছাব্বিশ লক্ষ বিরানব্বই হাজার চারশো সত্তর টাকা মাত্র) [২৫,০১,৭৯৯.০০ টাকা (এইচ-বিএল)+ ৩১,০১২.০০ টাকা (সুরক্ষা) + ১,৫৯,৬৫৯.০০ টাকা (ইন্সটা হোম টপ আপ)] ১৪.০৮.২০২৬ তারিখ** অনুযায়ী এবং তার উপর পরবর্তী সুদ এবং খরচ, আনুষঙ্গিক ব্যয়, ইত্যাদি।

তারিখ: ০৩.১১.২০২৬
স্থান: পূর্ব বর্ধমান
অনুমোদিত অফিসার
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

IDBI BANK

আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড
রিটেইল রিকভারি ডিপার্টমেন্ট ৪৪, শেক্সপিয়ার সরণি, ২য় ফ্লোর, কলকাতা - ৭০০০১৭; টেলিফোন (+৯১৩৩) ৬৬৫৫ ৭৭৪৪
ওয়েবসাইট- www.idbibank.in CIN-L65190MH2004GO1148838

[পরিশিষ্ট ৪-এ]
[রুল ৮ (৬) এর শর্তাবলী দ্রষ্টব্য]
স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(৬) এর শর্তাবলীর সাথে পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর অধীনে স্থাবর সম্পদ বিক্রয়ের জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্বারা সর্বসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(দের) এবং গ্যারান্টার(দের) নোটিশ দেওয়া হচ্ছে যে, সিকিউরড পাওনাদারের কাছে বন্ধক রাখা / চার্জ করা নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি, যার বাস্তবিক / প্রতীকী দখল সিকিউরড পাওনাদার আইডিবিআই ব্যাঙ্কের অনুমোদিত অফিসার নিয়েছেন, তা নীচে উল্লিখিত ঋণগ্রহীতা(দের) এবং গ্যারান্টার(দের) কাছ থেকে আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড-এর বকেয়া পাওনা আদায়ের জন্য ২০.১১.২০২৬ তারিখে ''যেমন আছে যেখানে আছে'', ''যেমন যা আছে'' এবং ''যা কিছু আছে'' ভিত্তিতে বিক্রি করা হবে।
২০.১১.২০২৬ তারিখে নিলাম করা হবে এমন সম্পত্তির বিবরণ (১৫ দিনের নোটিশ)

ব্রাঞ্চের নাম	ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা(দের)/ জামিনদাতা(দের) /বন্ধকদাতা(দের) নাম	স্থাবর সম্পত্তির বিস্তারিত বিবরণ	ক) দাবি নোটিশের তারিখ খ) দখল বিজ্ঞপ্তির তারিখ গ) দাবি নোটিশ অনুযায়ী দাবি করা পরিমাণ	ক) সংরক্ষিত মূল্য খ) বায়না জমা (ইএমডি) গ) বিড/দরপত্র বৃদ্ধির পরিমাণ
দুর্গাপুর	শ্রী অমিত শাউ এবং শ্রীমতী অর্পণা শাউ	পশ্চিমবঙ্গ রাজ্যের উত্তর ২৪ পরগনা জেলা এবং রেজিস্ট্রেশন জেলা, কাশীপুর দম দম-এর অতিরিক্ত জেলা সাব রেজিস্ট্রেশন অফিসের অধীনে, ১০ নং ওয়ার্ডে, বরানগর মিউনিসিপ্যালিটির সীমানার মধ্যে ৫৩ রাজ মুখার্জি রোড, কলকাতা ৭০০০৩৫ প্রেমিসেস নং-এ অবস্থিত, দাগ নং ১৪৫৪ এবং ১৪৫৫ এর অধীনে ৩৩২,৩৩৩,৩৩৪,৩৩৫ নং খতিয়ানে, দাগ নং ১৪৫৩ এর অধীনে ৩৪১ নং খতিয়ানে, বরানগর থানায়, বরানগর মৌজায়, এর উপর নির্মিত কাঠামো সহ ৩ কাঠা ১০ ছটাক এলাকার বাস্তু জমির উপর নির্মিত, ২ বেডরুম, ১ ডাইনিং, ১ রান্নাঘর, ২ টয়লেট, ১ ব্যালকনি নিয়ে গঠিত, কমবেশি ৮০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া পরিমাপের উত্তর দিকের ৩য় ফ্লোরে একটি স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট নং ৮ এর সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল। উক্ত ভবনটি নিম্নলিখিতভাবে বেষ্টিত এবং সীমাবদ্ধ; উত্তরে মিউনিসিপ্যাল রোড দ্বারা; দক্ষিণে মিউনিসিপ্যাল রোড দ্বারা; পূর্বে বিশ্বনাথ দেব (লট-বি) এর বাড়ি দ্বারা; পশ্চিমে হাবুল অধিকারীর বাড়ি দ্বারা।	ক) ২৪.০১.২০২২ খ) ১৪.০১.২০২৫ গ) ২৯,৯৭,২৮৮.৫৪/- টাকা (উনত্রিশ লক্ষ সাতানব্বই হাজার দুইশো আঠাশ টাকা এবং চুয়ান্ন পয়সা মাত্র) ১০.০৯.২০২২ তারিখ অনুযায়ী এবং তার উপর পরবর্তী সুদ, খরচ এবং চার্জ সহ।	ক) ১৭,১০,০০০/- টাকা খ) ১,৭১,০০০/- টাকা গ) ১০,০০০/- টাকা

বিড নথিতে প্রদর্শিত শর্তাবলীর মূল অংশ :
১. বিক্রয়টি ইউনিট ১, ৩য় ফ্লোর, VIOS টাওয়ার, অনিক নগর, ওয়াদালা ইস্ট, মুম্বই-৪০০০৩৭-এ অবস্থিত নিলাম পরিষেবা প্রদানকারী পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড এর মাধ্যমে https://banknet.com/ ওয়েবসাইটে ই-নিলাম প্ল্যাটফর্মে হবে।
২. বিড নথিগুলি আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড, কলকাতা জোনাল অফিস, ২য় ফ্লোর, ৪৪, শেক্সপিয়ার সরণি, কলকাতা - ৭০০০১৭, আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল অফিস দুর্গাপুর, ইউসিপি-০১, আম্বেদকর সরণি, উর্বশী ফেজ-বেঙ্গল অম্বুজা, সিটি সেন্টার দুর্গাপুর-৭১৩২১৬ থেকে কর্মদিবসে (সকাল ১১.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত) ১৯শে নভেম্বর ২০২৬ পর্যন্ত www.idbibank.in এবং https://banknet.com/ ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যেতে পারে।
৩. সেরা জ্ঞান এবং তথ্য অনুযায়ী উপরোক্ত সম্পত্তিতে কোনো দায়বদ্ধতা নেই।
৪. সংশোধিত সারফেসি অ্যাক্ট ২০০২ অনুযায়ী ৮(৬) নিয়মের অধীনে বিক্রয়ের জন্য এই প্রকাশনাটি ঋণগ্রহীতা/গ্যারান্টার/বন্ধকদাতার জন্য বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তিও বটে।
৫. সাধারণ শর্তাবলী সম্পর্কিত আরও বিস্তারিত বিবরণ ব্যাঙ্কের ওয়েবসাইটে [www.idbibank.in] রয়েছে এবং বা উপরে উল্লিখিত ব্যাঙ্ক কর্মকর্তাদের সাথে যোগাযোগ করুন এবং সেখানে হোস্ট করা বিড নথিটিও দেখুন।
৬. অনুমোদিত অফিসার কারণ দর্শানো ছাড়াই যেকোনো বা সমস্ত বিড গ্রহণ বা প্রত্যাখ্যান করার বা নিলাম প্রক্রিয়া বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

আন্ডারটেকিং, কেওয়াইসি নথি এবং ইএমডি সহ বিড ফর্ম জমা দেওয়া	০৫ নভেম্বর, ২০২৬ থেকে ১৯ নভেম্বর, ২০২৬ বিকেল ০৪.০০ টা পর্যন্ত
পরিদর্শনের তারিখ এবং সময়	১৭ নভেম্বর, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত
ই-নিলামের তারিখ এবং সময়	২০ নভেম্বর, ২০২৬ সকাল ১১.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত

বিক্রয়ের বিস্তারিত শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে প্রদত্ত লিঙ্কটি দেখুন https://baanknet.com/ এবং https://www.idbibank.in
তারিখ : ০৫.১১.২০২৬; স্থান : কলকাতা
স্বা/- অনুমোদিত অফিসার, আইডিবিআই ব্যাঙ্ক লি.

punjab national bank ...the name you can BANK upon!

এআরএমবি মুম্বই সিটি
ইউ.বি.আই টাওয়ার, ৭ম তল, ২৫, স্যার পি এম রোড ফোর্ট, মুম্বই - ৪০০ ০০১
ইমেল : cs6041@pnb.bank.in

সারফেসি আইন অধীনে জামিনদত্ত সম্পদ বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

জামিনদত্ত সম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় নোটিশ ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন এবং তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসেরর রুল ৮(৬) সংস্থান অধীনে
এতদ্বারা সাধারণকে সাধারণভাবে এবং ঋণগ্রহীতাগণ এবং জামিনদাতাগণকে বিশেষভাবে জামিন অধীনে ঋণদাতার নিকট বন্ধক/দায়বদ্ধ স্থাবর সম্পত্তি কার্যকরভাবে/স্বত্ব দখল/ প্রতীকী দখল নিয়েছেন জামিন অধীনে ঋণদাতা ব্যাঙ্কের অনুমোদিত অফিসার এবং তা 'যেখানে যা আছে', 'যেখানে যেমন আছে' এবং 'যে অবস্থায় আছে' ভিত্তিতে উল্লিখিত তারিখে নিম্নোক্ত মতে ব্যাঙ্ক/জামিন অধীনে ঋণদাতার নিকট বকেয়া সমুদয় সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ এবং জামিনদাতাগণের কাছ থেকে আদায়ের জন্য বিক্রি করা হবে। সংরক্ষিত মূল্য এবং বায়না জমা নিম্নোক্ত টেবিলে উল্লিখিত হবে সংশ্লিষ্ট সম্পত্তির অধীন অনুযায়ী।

জামিন অধীনে সম্পদের সিডিউল

ক্রম নং	ঋণগ্রহীতা (ফার্ম/ কোং) সহ-ঋণগ্রহীতা/ স্বত্বাধিকারী/ অংশীদারগণ/ ডিরেক্টরগণ/ জামিনদাতাগণ/বন্ধকদাতাগণের নাম	বন্ধকদত্ত স্থাবর সম্পত্তির বিস্তারিত/মালিকের নাম [সম্পত্তি(সমূহ) এর বন্ধকদাতা]	ক) ২০০২ সালের সারফেসি আইনের ১৩(২) ধারা অধীনে দাবি নোটিশের তারিখ খ) ১৩(২) অধীনে বকেয়া পরিমাণ, সুদ এবং চার্জ সহ গ) ২০০২ সালের সারফেসি আইনের ১৩(৪) ধারা অধীনে দখলের তারিখ ঘ) দখলের প্রকৃতি প্রতীকী/স্বত্ব/কার্যকরী	ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি (ইএমডি জমা দেবার শেষ তারিখ) গ) ডাক বর্ধিতকরণ পরিমাণ	ই-নিলামের তারিখ এবং সময়	জামিনদত্ত বিনিয়োগকারী-গণের জ্ঞানমতে দায়বদ্ধতার বিস্তারিত	সম্পত্তির আইডি কিউআর কোড
১.	এআরএমবি মুম্বই সিটি শ্রী রাজেশ চক্রবর্তী	২য়তল, মেট্রোপলিটান হাউসিং সোসাইটি লি., ক্যানাল সাউথ রোড, সেক্টর বি, মৌজা -ধাপা, প্লট নং এ/পি, ১৪৭/বি, জেএল নং ২, তৌজি নং ১৭৩, কলকাতা পৌর সংস্থা অধীন, জেলা -দক্ষিণ ২৪ পরগনা, থানা -যাদবপুর, বর্তমানে তিলজলা, পশ্চিমবঙ্গ - ৭০০১০৫ (বসবাসের ফ্ল্যাট অবস্থিত সমুদয় ২য়তল পরিমাপ ১৩২০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া এবং ঢাকা ব্যালকনি পরিমাপ ৫৩ বর্গফুট এবং একটি ঢাকা কার পার্কিং স্পেস একতলায় পরিমাপ ১৩৫ বর্গফুট জি-২ তলা বসবাসের অ্যাপার্টমেন্টে)	ক) ০১.০৭.২০২৫ খ) ৮৯,৪৪,২২৪.৪৫ টাকা ৩১.১০.২০২৫ অনুযায়ী এবং সুদ এবং অন্যান্য শুল্ক গ) ২১.১১.২০২৫ ঘ) প্রতীকী	ক) ৯৫,৮০,০০০ টাকা, খ) ৯,৫৮,০০০ টাকা ২৬.১১.২০২৬ (বেলা ১১ টা পর্যন্ত) গ) ২৫,০০০ টাকা	২৬.১১.২০২৬ সকাল ১১ টা থেকে বিকেল ০৪ টা পর্যন্ত।	জ্ঞাত নয়	

নিয়ম এবং শর্তাদি
১. বিক্রয়টি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এ নির্ধারিত শর্তাবলী এবং নিম্নলিখিত আরও শর্তাবলী সাপেক্ষে হবে।
২. সম্পত্তিগুলি ''যেখানে যেমন আছে'', ''যেখানে যা আছে'' এবং ''কোনও পরিবর্ত ভিত্তি ব্যতীত'' বিক্রি করা হবে।
৩. উপরে তফসিলে উল্লেখিত সুরক্ষিত সম্পদের বিবরণ অনুমোদিত কর্মকর্তার সর্বোচ্চ তথ্য অনুসারে বলা হয়েছে, তবে অনুমোদিত কর্মকর্তা এই ঘোষণায় কোনও ত্রুটি, ভুল বিবৃতি বা বাদ পড়ার জন্য দায়ী থাকবেন না।
৪. বিক্রয়টি https://baanknet.com ওয়েবসাইটে প্রদত্ত ই-নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী দ্বারা করা হবে।
৫. বিক্রয়ের বিস্তারিত শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে www.baanknet.com এবং www.pnbindia.in দেখুন।
৬. যোগাযোগকারী ব্যক্তি শ্রী সুশীল কুমার - ৮৪২০১৯৪৬৭৪, রিজভান আলী - ৭৭৬৮৯৪১২৫৬
৭. উপরোক্ত যেকোনো আইপি'র জন্য দরদাতা দরপত্র জমা দিতে নির্ধারিত রিজার্ভ মূল্যের অতিরিক্ত ন্যূনতম বর্ধিত পরিমাণ যোগ করতে পারবেন।
দ্রষ্টব্য : কেন্দ্রীয় সরকার/রাজ্য সরকার/যেকোনো আইপি'র যেকোনো আইনগত সংস্থার পাওনা আইপি'র ক্রেতা কর্তৃক পরিশোধ করা হবে, ব্যাংক কোনো প্রকার পাওনা বহন করবে না। অতীত/বর্তমান/ভবিষ্যৎ।

২০০২ সালের সারফেসি আইনের রুল ৮(৬) অধীনে ১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় নোটিশ

তারিখ : ০৫.১১.২০২৬
স্থান : কলকাতা
স্বা/-
অনুমোদিত অফিসার
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক